# ঢাকা বোর্ড-২০১৭
# ঢাকা, দিনাজপুর, সিলেট ও যশোর বোর্ড-২০১৮

## পৌরনীতি ও সুশাসন প্রথম পত্র বিষয় কোড: | ২ | ৬ | ৯ |

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট **সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান — ৭০

*[দ্রষ্টব্য: ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। যে কোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]*

১.▶

| ক বিভাগ | খ বিভাগ |
|---|---|
| ↓ | ↓ |
| নির্বাচিত প্রতিনিধি দ্বারা গঠিত | একজন রাষ্ট্রপ্রধান ও একজন সরকার প্রধান |
| ↓ | ↓ |
| আইন প্রণয়নমূলক কাজ | আইনের প্রয়োগ মূল কাজ |
| ↓ | ↓ |
| শাসন বিভাগকে নিয়ন্ত্রণ | জনগণের আস্থা অর্জন |
| ↓ | ↓ |
| জনগণের কাছে দায়বদ্ধ | সরকার প্রধান আইন বিভাগের নিকট দায়ী |

ক. তথ্য অধিকার কাকে বলে? ১

খ. পৌরনীতিকে কেন নাগরিকতা বিষয়ক বিজ্ঞান বলা হয়? ২

গ. ক বিভাগ দ্বারা, সরকারের কোন বিভাগকে বোঝানো হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. তুমি কি মনে কর সুশাসন প্রতিষ্ঠার জন্য উদ্দীপকে উল্লিখিত বিভাগ দুটির মধ্যে পারস্পরিক সম্পর্ক স্থাপন করা প্রয়োজন? তোমার মতামত উপস্থাপন কর। ৪

২.▶ জনাব আঃ রাজ্জাক একটি উপজেলার নির্বাহী অফিসার। তিনি তাঁর ওপর অর্পিত সরকারি সিদ্ধান্তসমূহ উপজেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তাদের সমন্বয়ে পরিচালনা করেন। সাধারণ জনগণ বিভিন্ন সমস্যা নিয়ে তাঁর সাথে সরাসরি সাক্ষাৎ করতে পারেন। কিন্তু পূর্বের নির্বাহী অফিসার এমন আচরণ করতেন না। তিনি এককভাবে সিদ্ধান্ত গ্রহণ করতেন। জনগণের সাথে তার সরাসরি সম্পর্ক ছিল না।

ক. মূল্যবোধের সংজ্ঞা দাও। ১

খ. তুমি কেন আইন মেনে চলবে? ২

গ. উদ্দীপকে উল্লিখিত জনাব আঃ রাজ্জাকের কার্যাবলি আমলাতন্ত্রের কোন কাজকে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. সুশাসন প্রতিষ্ঠায় জনাব আঃ রাজ্জাকের পূর্ববর্তী নির্বাহী অফিসারের কার্যক্রমের জবাবদিহিতা নিশ্চিত করা প্রয়োজন— মতামত দাও। ৪

teachingbd24.com
https://teachingbd24.com

৩. ★

| 'ক' রাষ্ট্র | 'খ' রাষ্ট্র |
|---|---|
| ↓ | ↓ |
| কেন্দ্রীয় ও প্রাদেশিক সরকার বিদ্যমান | একটি কেন্দ্র থেকে রাষ্ট্র পরিচালিত হয় |
| ↓ | ↓ |
| প্রত্যেক প্রদেশ স্বায়ত্তশাসিত | স্থানীয় শাসন বিদ্যমান |
| ↓ | ↓ |
| দেশ রক্ষা ও পররাষ্ট্র কেন্দ্রের কাজ | স্থানীয় শাসকগণ কেন্দ্রের নিকট দায়বদ্ধ |
| ↓ | ↓ |
| সাংবিধানিকভাবে দায়িত্ব বণ্টন | সমগ্র দেশে একই নীতি |

ক. আব্রাহাম লিংকনের গণতন্ত্রের সংজ্ঞাটি লিখ। ১

খ. ক্ষমতা স্বতন্ত্রীকরণ কীভাবে নাগরিক স্বাধীনতা রক্ষা করে? ২

গ. 'ক' রাষ্ট্রের সরকার ব্যবস্থার স্বরূপ তোমার পাঠ্যবই এর আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. 'ক' ও 'খ' রাষ্ট্রের মধ্যে কোন ধরনের সরকার ব্যবস্থা উত্তম? যুক্তি দেখাও। ৪

৪. ▶ ২৬ মার্চ, ২০১৪ ছিল বাংলাদেশের ৪৪তম স্বাধীনতা দিবস। আড়াই লাখেরও বেশি মানুষ এদিন বেলা ১১ টায় ঢাকার জাতীয় প্যারেড ময়দানে সমবেত হয়ে জাতীয় সংগীত পরিবেশন করেছেন। চট্টগ্রামের খেলাঘরের শিশুদের সঙ্গে জাতীয় সংগীত গাইলেন বাক ও শারীরিক প্রতিবন্ধী কলেজ পড়ুয়া রাজু। রাজু জন্ম থেকেই কথা বলতে পারে না। কিন্তু এই অনুষ্ঠানে তাকে ঠেকিয়ে রাখা যায়নি। চৈত্রের কাঠফাটা রোদে সবার সঙ্গে রাজুও গাইল "আমার সোনার বাংলা আমি তোমায় ভালবাসি..........।" রাজুর গাওয়াটা সে ছাড়া আর কেউ শুনলো না, তাতেই সে মহাখুশি। রাজু আমাদের নতুন প্রজন্মের মুক্তিযোদ্ধা। তাদের হাতেই বাংলাদেশের ভবিষ্যৎ।

ক. বিচার বিভাগের স্বাধীনতা কাকে বলে? ১

খ. পৌরনীতি ও সুশাসন একই সূত্রে গাঁথা— ব্যাখ্যা কর। ২

গ. বাক ও শারীরিক প্রতিবন্ধী রাজুর জাতীয় সংগীতে অংশগ্রহণ নতুন প্রজন্মকে উদ্বুদ্ধ করবে— ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে সমবেতভাবে জাতীয় সংগীত পরিবেশন জাতীয়তারই বহিঃপ্রকাশ— বিশ্লেষণ কর। ৪

৫. ★ জনাব রাইসুল একটি রাজনৈতিক দলের নেতা ও সরকার দলীয় সাংসদ। জনগণের ভোটে নির্বাচিত হওয়ায় তিনি জনগণের আশা-আকাঙ্ক্ষা ও চাহিদার প্রতি দৃষ্টি রেখে স্থানীয় সমস্যা সমাধানে দল-মত নির্বিশেষে সবাইকে সাথে নিয়ে কাজ করেন। তাঁর এলাকার সকলেই তাঁর কার্যক্রমের সমর্থন করে এবং তাঁর এলাকায় সরকারি ও বিরোধী দল শান্তিপূর্ণ সহাবস্থান করে। ফলে এলাকার আইন-শৃঙ্খলা পরিস্থিতি সন্তোষজনক।

ক. জাতির সংজ্ঞা দাও। ১

https://teachingbd24.com

খ. "জাতীয়তা একটি মানসিক ধারণা"— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত জনাব রাইসুল ইসলামের সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় তোমার পাঠ্যবইয়ের কোন বিষয়টির ইঙ্গিত রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'রাইসুল সাহেবের এলাকার রাজনৈতিক সংস্কৃতি দেশের উন্নয়নে সহায়ক'— বিশ্লেষণ কর। ৪

৬.▶ স্বেচ্ছাচারী ইউনিয়ন চেয়ারম্যানের বিরুদ্ধে আন্দোলন গড়ে তোলার জন্য আনিস গ্রামের যুবকদের একত্রীকরণ করে একটি সংগঠন তৈরি করে। ক্রমেই সংগঠনটির কর্মকাণ্ড ইউনিয়ন জুড়ে বিস্তৃত হয় এবং তাদের মধ্যে রাজনৈতিক সচেতনতা বৃদ্ধি পায়। সবাই আনিসের কথা ও কর্মে বিশ্বাস স্থাপন করে। তার নৈতিকতা ও দেশপ্রেম সবাইকে মুগ্ধ করে। পরবর্তী জাতীয় নির্বাচনে তার সংগঠনটি অংশগ্রহণ করার প্রস্তুতি গ্রহণ করে।
ক. পৌরনীতি ও সুশাসনের সংজ্ঞা দাও। ১
খ. আইন প্রণয়নে আমলাগণ কীভাবে সহায়ক ভূমিকা পালন করেন? ২
গ. উদ্দীপকে উল্লিখিত আনিসের সংগঠনটির সাথে তোমার পঠিত বইয়ের কোন সংগঠনটির সাদৃশ্য আছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. আনিসের নেতৃত্ব সুশাসন প্রতিষ্ঠায় সহায়ক— তুমি কি এ বক্তব্যের সাথে একমত? যুক্তি দেখাও। ৪

৭. ★ জনাব মঈনুদ্দীন 'ক' রাষ্ট্রের একজন সচেতন নাগরিক। তিনি দেশের স্থানীয় ও জাতীয় নির্বাচনে যোগ্য প্রার্থী বাছাইয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখেন। তিনি তাঁর ওপর আরোপিত করও নিয়মিত প্রদান করে থাকেন। তিনি তাঁর এলাকার অন্যান্যদেরকেও তার মতো দায়িত্ব পালনের জন্য উদ্বুদ্ধ করেন।
ক. জনমতের সংজ্ঞা দাও। ১
খ. চাপসৃষ্টিকারী গোষ্ঠী কীভাবে সরকারি সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে প্রভাব বিস্তার করে? ২
গ. উদ্দীপকে উল্লিখিত মঈনুদ্দিনের যোগ্য প্রার্থী বাছাই কার্যক্রম কোন ধরনের কর্তব্যকে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. রাষ্ট্রের অন্যান্য নাগিরকগণও যদি উদ্দীপকের জনাব মঈনুদ্দিনের মতো দায়িত্ব ও কর্তব্য পালন করে তাহলে সুশাসন প্রতিষ্ঠায় কীরূপ প্রভাব পড়বে বলে তুমি মনে কর? মতামত দাও। ৪

৮.▶ জনাব শিহাব একজন বাংলাদেশি নাগরিক। কিন্তু কাজের জন্য তিনি বিদেশে অবস্থান করেন। অবসর সময়ে তিনি টিভিতে বাংলাদেশের খবরাখবর মনোযোগ সহকারে দেখেন। নাগরিক হিসেবে বাংলাদেশের প্রতি তাঁর অগাধ ভালোবাসা ও কর্তব্যবোধ তাকে দেশ সম্পর্কে জানতে আগ্রহী করে তোলে।। তিনি বাজার থেকে বাংলাদেশের একটি সংবিধান ক্রয় করেন।
ক. সাম্যের সংজ্ঞা দাও। ১
খ. আইনের শাসন কীভাবে নাগরিক স্বাধীনতা রক্ষা করে? ২
গ. জনাব শিহাবের মতো দেশ সম্পর্কে জানতে কোন বিষয় তোমাকে সাহায্য করবে? ব্যাখ্যা কর। ৩
ঘ. সবাই জনাব শিহাবের মতো সচেতন নাগরিক হলে সুশাসন প্রতিষ্ঠার ক্ষেত্রে কতটুকু সহায়ক হবে বলে তুমি মনে কর? মতামত দাও। ৪

Teachingbd24.com

৯. ★ জনাব আজিজ একটি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান। তিনি জনগণের প্রত্যক্ষ ভোটে নির্বাচিত হয়েছেন। তার ইউনিয়নের সকল নাগরিক যে কোনো সমস্যায় তাঁর কাছে যায়। বিবাদ মীমাংসার জন্য সবাই ইউনিয়ন আদালতে অভিযোগ দায়ের করে। জনাব আজিজ নিরপেক্ষভাবে সব বিবাদের মীমাংসা করে দেন। তিনি এলাকার উন্নয়নে জনগণের মতামতের ভিত্তিতে সিদ্ধান্ত নিয়ে থাকেন। সবাই তাঁর উপর আস্থাশীল।

ক. মানবাধিকার কাকে বলে? ১

খ. "আইনের চোখে সকলেই সমান"— ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত জনাব আজিজের মধ্যে কোন ধরনের নেতৃত্বের গুণাবলি প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত ইউনিয়নের মতো রাষ্ট্রে সুশাসন প্রতিষ্ঠা করতে হলে সরকারের কী কী করণীয়? মতামত দাও। ৪

১০. ▶ হোগল ডাঙ্গা গ্রামে 'সবুজ সংঘ' নামে যুবকদের একটি সংগঠন আছে। উক্ত সংগঠনের একটি লিখিত নীতিমালা আছে। সংগঠনটির অধিকাংশ সদস্যদের সম্মতির ভিত্তিতে নীতিমালাটি তৈরি করা হয়েছে। প্রয়োজনে সংখ্যাগরিষ্ঠের মতামতের ভিত্তিতে নীতিমালাটি পরিবর্তনও করা যাবে। সবাই এই নীতিমালাটি অক্ষরে অক্ষরে পালন করে। সংগঠনের সদস্যদের মূল কাজ মানুষের মধ্যে নৈতিকতা জাগ্রত করা, অসহায় মানুষের সেবা করা ও সমাজে সাম্য প্রতিষ্ঠা করা।

ক. স্বাধীনতার সংজ্ঞা দাও। ১

খ. ধর্ম কীভাবে আইনের উৎস হিসেবে কাজ করে? ২

গ. উদ্দীপকে উল্লিখিত সংগঠনটির কাজের সাথে সরকারের কোন বিভাগের কাজের সাদৃশ্য আছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'সবুজ সংঘের সদস্যদের মতো দেশের সবাই আইন মেনে চললে সমাজে সাম্য প্রতিষ্ঠা সম্ভব'— তুমি কি একমত? যুক্তি দাও। ৪

১১. ▶ 'ক' ইউনিয়নে ই-তথ্য সেবা কেন্দ্র চালু আছে। উক্ত কেন্দ্রে ইউনিয়নবাসী সব ধরনের তথ্য ও ইন্টারনেট সেবা পেয়ে থাকে। এখান থেকে বিদেশে যাবার জন্য নিবন্ধন করা হয়। ইউনিয়নের ওয়েবসাইটে সব ধরনের প্রকল্প, বরাদ্দকৃত অর্থের পরিমাণ ও সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় সুবিধাভোগীর নাম দেওয়া আছে। মানুষ ওয়েবসাইটে তাদের মতামত তুলে ধরতে পারে।

ক. অধিকারের সংজ্ঞা দাও। ১

খ. পরিবার কীভাবে জনমত গঠন করে? ২

গ. উদ্দীপকের 'ক' ইউনিয়নের কার্যক্রম তোমার পাঠ্যবইয়ের কোন বিষয়টি নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. তথ্য সেবা কেন্দ্রটি ইউনিয়নে সুশাসন প্রতিষ্ঠায় কতটুকু ভূমিকা রাখছে বলে তুমি মনে কর? মতামত দাও। ৪

https://teachingbd24.com

বিষয় কোড: | ২ | ৬ | ৯ |

সময় — ৩০ মিনিট

# বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান — ৩০

*[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]*

১. ★ বিচার বিভাগের স্বাধীনতা বলতে বোঝায়—
ক আইন বিভাগের ক্ষমতা বৃদ্ধি
খ শাসন বিভাগের ক্ষমতা বৃদ্ধি
গ বিচারকদের স্বাধীনতা বৃদ্ধি
ঘ আমলাদের ক্ষমতা বৃদ্ধি

২. আইনসভার সবচেয়ে গুরুত্বপূর্ণ কাজ কোনটি?
ক শিক্ষা দেওয়া খ জনস্বাস্থ্য রক্ষা
গ সার্বভৌমত্ব রক্ষা ঘ আইন তৈরি করা

৩. আমলাতন্ত্রের বৈশিষ্ট্য হলো—
i. স্থায়িত্ব
ii. দক্ষতা iii. পক্ষপাতিত্ব
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

৪. একটি দেশে সুশাসন প্রতিষ্ঠার ক্ষেত্রে সবচেয়ে বেশি ভূমিকা পালন করে—
ক সামরিক বাহিনী খ গণমাধ্যম
গ পুলিশ বাহিনী ঘ সরকার

**নিচের উদ্দীপকটি পড়ে ৫ ও ৬ নং প্রশ্নের উত্তর দাও:**
উপজেলা পরিষদ নির্বাচনে ভাইস চেয়ারম্যান পদে প্রতিদ্বন্দ্বিতা করার জন্য মনোনয়নপত্র দাখিল করতে গেলে আশিক কিছু সংখ্যক দুষ্কৃতকারী দ্বারা আক্রান্ত হয়। এজন্য সে উক্ত নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করতে পারেনি।

৫. দুষ্কৃতকারীদের দ্বারা আক্রান্ত হওয়ার ফলে আশিক কোন ধরনের অধিকার থেকে বঞ্চিত হয়েছে?
ক সামাজিক খ রাজনৈতিক
গ নৈতিক ঘ অর্থনৈতিক

৬. আমরা যদি দুষ্কৃতকারীদের প্রতিরোধ করতে না পারি তবে সমাজে এর যে প্রভাব পড়বে—
i. নেতৃত্বের বিকাশ ঘটবে না
ii. শিক্ষার বিস্তার ঘটবে না
iii. রাজনৈতিক সচেতনতার বৃদ্ধি ঘটবে না
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

৭. নিচের কোনটি জাতীয়তার উপাদান নয়?
ক বংশগত ঐক্য খ ধর্মীয় ঐক্য
গ ভাষা ঘ প্রাকৃতিক সম্পদ

৮. ★ বাংলাদেশে তথ্য অধিকার আইনটি কোন সালে প্রণীত হয়?
ক ২০০৭ খ ২০০৮
গ ২০০৯ ঘ ২০১০

৯. রাজনৈতিক সংস্কৃতি হলো একটি জাতির—
i. দৃষ্টিভঙ্গি
ii. মূল্যবোধ iii. জাতীয় শক্তি
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

১০. আমলাতন্ত্রের জনক কে?
ক প্রফেসর লাস্কি খ ই.এম. হোয়াইট
গ ম্যাক্স ওয়েবার ঘ রেনান

১১. কোনটি নাগরিকের প্রধান দায়িত্ব?
ক আইন মান্য করা
খ রাষ্ট্রের প্রতি আনুগত্য প্রদর্শন করা
গ ভোটাধিকার প্রয়োগ করা
ঘ রাজনীতিতে অংশগ্রহণ করা

**নিচের উদ্দীপকটি পড়ে ১২ ও ১৩ নং প্রশ্নের উত্তর দাও:**
আদিব বাবার চাকরির সুবাদে যুক্তরাষ্ট্রে বসবাস করে। সে নিজ দেশের প্রতি তেমন আগ্রহ পোষণ করে না। সম্প্রতি টিভিতে একটি বিজ্ঞাপনে সিয়েরালিওনের নাগরিকদের কণ্ঠে "আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি"— গানটি শুনে সে অভিভূত হয় এবং দেশের জন্য গর্ববোধ করে। আদিবের এ অনুভূতির সাথে উক্ত দেশে বসবাসকারী বাঙালি প্রবাসীরা একাত্মতা প্রকাশ করে। পরবর্তীতে বাঙালি প্রবাসীদের মধ্যে বাংলাদেশ সম্পর্কে তাদের মানসিক ধারণার ইতিবাচক পরিবর্তন ঘটে।

১২. উদ্দীপকের বিজ্ঞাপন চিত্রটি আদিবের মধ্যে কোন অনুভূতি জাগ্রত করে?
ক দেশপ্রেম খ মানবপ্রেম
গ বিবেকবোধ ঘ সৌজন্যবোধ

১৩. উদ্দীপকের বাঙালি প্রবাসীদের মধ্যে ইতিবাচক পরিবর্তন ঘটাতে যে ঐক্য প্রধান ভূমিকা রেখেছে—
ক ভৌগোলিক খ ধর্মীয়
গ অর্থনৈতিক ঘ ইতিহাস ও ঐতিহ্যের

১৪. ★ আইনের উৎস কোনটি?
ক আইন বিভাগ খ শাসন বিভাগ
গ সরকারি কর্মকমিশন ঘ নির্বাচন কমিশন

১৫. উন্নত প্রশাসনের প্রকৃতি বিচারে নিচের কোন বিষয়টির ভূমিকা বেশি?
ক নীতিবিদ্যা খ লোক প্রশাসন
গ পৌরনীতি ও সুশাসন ঘ মনোবিজ্ঞান

https://teachingbd24.com

১৬. E-governance প্রয়োজন—
i. দ্রুত সিদ্ধান্ত গ্রহণ করার জন্য
ii. সরকার ও জনগণের মধ্যে সুসম্পর্ক প্রতিষ্ঠার জন্য
iii. নাগরিকতা বিষয়ক জ্ঞান বৃদ্ধির জন্য
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ ii ও iii
ⓖ i ও iii ⓖ i, ii ও iii

১৭. **নিচের কোনটি স্বাধীনতাকে অর্থবহ করে তোলে?**
ক) সুশীল সমাজ খ) ধর্ম
গ) আমলাতন্ত্র ঘ) সাম্য

**নিচের উদ্দীপকটি পড়ে ১৮ নং প্রশ্নের উত্তর দাও:**
'D' রাষ্ট্রের প্রেসিডেন্ট সংসদ সদস্যদের ভোটে নির্বাচিত হন। আইন পরিষদের অধিবেশন আহ্বান করার ক্ষমতা তাঁর রয়েছে।

১৮. **'D' রাষ্ট্রের মতো সরকার নিচের কোন দেশে দেখা যায়?**
ক) বাংলাদেশে খ) অস্ট্রেলিয়ায়
গ) মার্কিন যুক্তরাষ্ট্রে ঘ) জাপানে

১৯. **নেতৃত্বের গুণ কোনটি?**
ক) ব্যক্তিস্বার্থ সংরক্ষণ খ) দূরদৃষ্টি
গ) গোষ্ঠী স্বার্থ সংরক্ষণ ঘ) দলীয় স্বার্থ সংরক্ষণ

২০. ★ **জাতীয় চেতনার চূড়ান্ত প্রকাশ কোনটি?**
ক) সংঘ খ) উপজাতি
গ) পরিবার ঘ) রাষ্ট্র

**নিচের উদ্দীপকটি পড়ে ২১ ও ২২ নং প্রশ্নের উত্তর দাও:**
জনাব মতিন একজন সংসদ সদস্য। তিনি এলাকার উন্নয়নের জন্য কাজ করেন ও গরিব-দুঃখী সকলের সাথে হাসিমুখে কথা বলেন। তাঁর বক্তব্য ও কাজের দ্বারা জনগণ ভীষণভাবে উদ্বুদ্ধ ও অনুপ্রাণিত হয় এবং যে কোনো ত্যাগ স্বীকারে প্রস্তুত থাকে।

২১. **উদ্দীপকের জনাব মতিন কোন ধরনের নেতৃত্বের অধিকারী?**
ক) বিশেষজ্ঞসুলভ খ) রাজনৈতিক
গ) সম্মোহনী ঘ) প্রশাসনিক

২২. **জনাব মতিন সাহেবের মতো এমন নেতৃত্ব সমাজে প্রতিষ্ঠা করবে—**
ক) সুশাসন খ) সহনশীলতা
গ) জবাবদিহিতা ঘ) স্বচ্ছতা

২৩. ★ **E-governance-এর বর্ধিত রূপ কোনটি?**
ক) Electronic governance
খ) Equitable governance
গ) Elective governance
ঘ) Elected governance

২৪. ★ **যদি প্রশাসনের ক্ষেত্রে সুশাসন প্রতিষ্ঠিত হয় তাহলে—**
i. আইনের শাসন প্রতিষ্ঠিত হবে
ii. দুর্নীতি দূর হবে
iii. শিল্পায়ন বৃদ্ধি পাবে
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

২৫. **চাপসৃষ্টিকারী গোষ্ঠীর বৈশিষ্ট্য হলো—**
ক) নির্বাচনে অংশগ্রহণ করা
খ) গোষ্ঠী স্বার্থ সংরক্ষণ করা
গ) অন্য গোষ্ঠীকে অগ্রাহ্য করা
ঘ) জনমতকে প্রাধান্য দেওয়া

২৬. **বিদেশে নিরাপত্তা লাভ করা নাগরিকের কোন ধরনের অধিকার?**
ক) সামাজিক খ) নৈতিক
গ) অর্থনৈতিক ঘ) রাজনৈতিক

২৭. **রাজনৈতিক দলের কাজ হলো—**
i. সরকার গঠন
ii. সরকারের সমালোচনা
iii. প্রধান নির্বাচন কমিশনারকে নিয়োগ
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

**নিচের উদ্দীপকটি পড়ে ২৮ ও ২৯ নং প্রশ্নের উত্তর দাও:**




২৮. **'?' চিহ্নিত স্থানে সরকারের কোন বিভাগটি বসবে?**
ক) উপজেলা পরিষদ
খ) পররাষ্ট্র মন্ত্রণালয়
গ) বিচার বিভাগ
ঘ) সামরিক বাহিনী

২৯. **'?' চিহ্নিত বিভাগটির সর্বোচ্চ পদ কোনটি?**
ক) আইন মন্ত্রী খ) অ্যাটর্নি জেনারেল
গ) প্রধান বিচারপতি ঘ) স্পিকার

৩০. **ল্যাটিন শব্দ 'Civics'-এর অর্থ কী?**
ক) নগর রাষ্ট্র খ) নাগরিক
গ) পৌর ঘ) রাষ্ট্র

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | গ | ২ | ঘ | ৩ | ক | ৪ | ঘ | ৫ | খ | ৬ | গ | ৭ | ঘ | ৮ | গ | ৯ | ক | ১০ | গ | ১১ | খ | ১২ | ক | ১৩ | ঘ | ১৪ | ক | ১৫ | [illegible] |
| | ১৬ | ঘ | ১৭ | ঘ | ১৮ | গ | ১৯ | খ | ২০ | ঘ | ২১ | খ | ২২ | ক | ২৩ | ক | ২৪ | ঘ | ২৫ | খ | ২৬ | ঘ | ২৭ | ক | ২৮ | গ | ২৯ | গ | ৩০ | [illegible] |

https://teachingbd24.com